



মাইডাস | MIDAS

MIDAS Centre (11th Floor), Plot-5, Road-16 (Old-27), Dhanmondi, Dhaka-1209, Bangladesh
PABX: +88 02 48120378, 9103421, 48119975, Fax: +88 02 58153580, Web: www.midas.org.bd
E-mail: midas@midas.org.bd, midasbd1982@gmail.com

Since 1982

প্রেস বিজ্ঞপ্তি

মাইডাস মার্চ ২১ থেকে ২৩, ২০২৪ রোজ বৃহস্পতি থেকে শনিবার পর্যন্ত ৩ দিন ব্যাপী ‘মাইডাস এসএমই মেলা ২০২৪’ এর আয়োজন করেছে। মেলাটি মাইডাস সেন্টার (১০ তলা), প্লট-৫, সড়ক-১৬ (পুরাতন ২৭), ধানমন্ডি, ঢাকাতে অনুষ্ঠিত হচ্ছে।

মার্চ ২১, ২০২৪ তারিখ দুপুর ১২টায় মেলা উদ্বোধন করেন মাইডাসের পরিচালনা পর্ষদের পরিচালক ও মাইডাস ফাইন্যান্সিং লিমিটেডের সম্মানিত চেয়ারম্যান জনাব আলী ইমাম মজুমদার। উদ্বোধনী অনুষ্ঠানে মাইডাসের পরিচালনা পর্ষদের পরিচালক জনাবা পারভিন মাহমুদ, মাইডাস পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ, মাইডাস-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব খাইরুল বাশার, সহকারি মহাব্যবস্থাপক জনাব মোঃ ইব্রাহিম হোসেন, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা, এনজিও ও বেসরকারি প্রতিষ্ঠান প্রতিনিধি এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উপস্থিত ছিলেন।

মেলায় মোট ৬০ জন নারী ও যুব উদ্যোক্তাদের অংশগ্রহণে তৈরি পোশাক, জুয়েলারি ও অন্যান্য আকর্ষণীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় হচ্ছে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

ধন্যবাদান্তে,

মোঃ খাইরুল বাশার
ব্যবস্থাপনা পরিচালক, মাইডাস
মোবাইলঃ ০১৯১১-৩৯৭৯৫৯